নেত্রকোনার কেন্দুয়ায় মনকান্দা এমইউ আলিম মাদ্রাসার অধ্যক্ষ এএমএম মুহিববুল্লাহকে (৫০) রড দিয়ে পিটিয়ে আহত করেছেন যুবলীগ নেতা যুবলীগের সভাপতি এবং একই মাদ্রাসার হিসাব সহকারী। সোমবার সকাল ১০টার দিকে উপজেলার সান্দিকোণা ইউনিয়নের মডেল বাজার মাদ্রাসার শিক্ষার্থীরা হামলাকারীর বিরুদ্ধে প্রতিবাদ মিছিল বের করে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে পরিস্থিতি শান্ত করেছে। আহত অ ভর্তি করা হয়েছে।

জানা গেছে, মাদ্রাসায় যাওয়ার পথে বাজার মোড়ে পৌঁছলে দেশীয় অস্ত্র নিয়ে জুয়েল ও তার লোকজন অধ্যক্ষের ওপর হামলা করেন। এ সময় তাকে পিটিয়ে মোটরসাইকেলের চাবিসহ সঙ্গে থাকা মাদ্রাসার গুরুত্বপূর্ণ কাগজপত্র ছিনিয়ে নিয়ে যান।

অধ্যক্ষ যুগান্তরকে জানান, ২০২০ সালে চাকরি হওয়ার পর থেকেই জুয়েল মাদ্রাসায় অনুপস্থিত থাকতেন। এরই মধ্যে তিনি একটি হত্যা মামলা বললে তিনি অশালীন কথাবার্তা বলেন। এসব কারণে তাকে সাময়িক বরখাস্ত করা হয়। এরই মধ্যে ২০ আগস্ট তাকে শোকজ করা হলে জবাব না দি

অধ্যক্ষকে পেটানোর অভিযোগ অস্বীকার করে জুয়েল বলেন, আমাকে অন্যায়ভাবে সাময়িক বরখাস্ত ও শোকজ করা হয়। তারা আমাকে মাদ্রাসা থেকে

কেন্দুয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. আলী হোসেন বলেন, অভিযোগের পরিপ্রেক্ষিতে আইনি ব্যবস্থা নেওয়া হবে।

3
Shares

যুগান্তর ইউটিউব চ্যা